

১২/১২/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী।

উপজেলা : বিকরগাছা, যশোর।
সভাপতি : জনাব লুবনা তাস্কী, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, বিকরগাছা, যশোর।
তারিখ : ১২/১২/২০২১ খ্রিঃ সময় : বেলা - ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যদের তালিকা (পরিশিষ্ট - ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় আলোচনা শুরু করার জন্য কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

আলোচ্যসূচী : ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন : কমিটির সদস্য-সচিব তথা উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী ছাড়াই সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

আলোচ্যসূচী : ২। সমবায় সমিতির সদস্যদের মাঝে ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, উপজেলা সমবায় দপ্তরের আওতায় ২৮৬ টি পুরুষ ও মহিলা সমবায় সমিতি আছে। যাহার সদস্য সংখ্যা ২৫,৫২৯ জন। সমবায় সমিতির সদস্যগণ গ্রাম পর্যায়ে নেতৃত্ব প্রদান করে থাকে। ফলে সমবায় সমিতির সদস্যদেরকে বিভিন্ন বিষয়ের উপর ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে ০৪(চার) টি ট্রেডের উপর প্রশিক্ষণের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করা হয়। যাহার বিবরণ নিম্নরূপ :

- ১) উন্নত জাতের গাভী পালনের উপর প্রশিক্ষণ।
- ২) সমবায় সমিতির সদস্যদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সমবায় ব্যবস্থাপনা ও হিসাব সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ।
- ৩) সমবায় সমিতির সদস্যদের সেলাই প্রশিক্ষণ।
- ৪) দরিদ্র সদস্যদের আয় বৃদ্ধির লক্ষ্যে ঠোংগা বানানো প্রশিক্ষণ।


উক্ত প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রশিক্ষণ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রয়োজন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভাকে আহবান জানান।

সিদ্ধান্ত : ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় সমবায় সমিতির সদস্যদের উপরোক্ত ট্রেডের উপর প্রশিক্ষণ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রকল্পের নাম : সমবায় সমিতির সদস্যদের মাঝে ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান।

প্রকল্পের ব্যয় : ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


লুবনা তাস্কী

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বিকরগাছা, যশোর।

তারিখ : ১৩/১২/২০২১ খ্রিঃ।

স্মারক নং : ৪৭.৬২.৪১.২৩.১০১.১৮.১৪৮.০৮- ১১৬৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, বিকরগাছা, যশোর।

২। উপজেলা নির্বাহী অফিসার, বিকরগাছা, যশোর।

৩। উপপরিচালক, বিআরডিবি, যশোর।

৪। উপজেলা ভাইস চেয়ারম্যান, বিকরগাছা, যশোর।

৫। উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা), বিকরগাছা, যশোর।

৬। উপজেলা প্রকৌশলী, বিকরগাছা, যশোর।

৭। সদস্য (সকল) পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, বিকরগাছা, যশোর।

৮। অফিস কপি।

(বি এম কামরুজ্জামান)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিকরগাছা, যশোর।

ফোন নং : ০৪২৭৭-৭৬৯২০৮


১৩/১২/২০২১